

কী পারফরম্যান্স সূচক এবং স্বীকৃতির উপায় সম্পর্কিত কর্মশালা

তারিখঃ ১০/০২/২০২১

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুই দিন ব্যাপী সকল দপ্তর প্রধান শিক্ষক ও কর্মকর্তাদের নিয়ে কী পারফরম্যান্স সূচক এবং স্বীকৃতির উপায় সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত হয়।

ফেব্রুয়ারীর ৯ এবং ১০ তারিখ সকাল সাড়ে ১০ ঘটিকা থেকে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে করোনা কালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলমের সভাপতিত্বে কর্মশালাটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সবাইকে একটা নিয়মের মধ্যে চলতে হবে। শিক্ষকদের জন্য নতুন নীতিমালা চালু হচ্ছে। প্রশাসনিক কাজ ভালভাবে করার জন্য আমরা গুনগত মান সম্পন্ন কর্মকর্তা নিচ্ছি। আইকিউএসির উদ্যোগে এর আগেও কর্মকর্তাদের ট্রেনিং দেওয়া হয়েছে। সমস্ত কর্মকর্তাদের জন্য একটি করে কম্পিউটারের ব্যবস্থা করে তাদেরকে কম্পিউটার ট্রেনিং দেওয়া হবে।

তিনি আরও বলেন, ৪৬টা পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতার দিক দিয়ে শাবিপ্রবি এক নম্বরে আছে। বিশেষ করে, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে শাবিপ্রবির একাউন্টস স্বচ্ছতার দিক দিয়ে প্রথম।

শিক্ষকদের ট্রেনিং এর জন্য ইউজিসি আমাদেরকে সেন্টার অফ এক্সিলেন্স ফর টিচিং এন্ড লার্নিং (সিইটিএল) এর অনুমোদন দিয়েছে। চট্টগ্রাম ও সিলেট বিভাগের সকল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র হবে শাবিপ্রবি। ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের বাজেট আসবে বিশ্ববিদ্যালয়ের কাজের মান ও দক্ষতার উপর। বিশ্ববিদ্যালয়ের মান বাড়াতে আমরা অনেক কাজ করে যাচ্ছি তবুও আমাদের কিছু অপূর্ণতা রয়েছে।